

ল্যাপটপ কিনতে শিক্ষার্থীদের ঋণ দেবে বাংলাদেশ ব্যাংক

■ সমকাল প্রতিবেদক
নামমাত্র সুদে শিক্ষার্থীদের ঋণ দেবে বাংলাদেশ ব্যাংক। শিক্ষার্থীরা যাতে সহজেই ল্যাপটপ কিনতে পারে সে লক্ষ্যে এ প্রকল্প হাতে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। তিনি দেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে শিক্ষা খাতে সামাজিক দায়বদ্ধ কর্মকাণ্ডে আরও বেশি যুক্ত হওয়ার আহ্বান জানান।

গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক গবেষণা অনুদান ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে গভর্নর এ কথা জানান। আইএফআইসি ব্যাংক ট্রাস্টি ফান্ড এ অনুষ্ঠান আয়োজন করে।

আতিউর রহমান বলেন, প্রতিটি ব্যাংক তাদের আয়-ব্যয়ের সঙ্গে সঙ্গতি রেখে নিজেরাই ব্যাংক ঋণের সুদ কমিয়ে আনতে পারে। এছাড়া কেন্দ্রীয় ব্যাংকের দিকে তাকিয়ে থাকার প্রয়োজন নেই। অনুষ্ঠানে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ জা ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে আরও বক্তৃতা দেন আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শাহ আলম সারোয়ার, ঢাবি কোষাধ্যক্ষ ও ব্যাংকের ট্রাস্টি ফান্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. কামাল উদ্দিন।